



দৈনিক সময়সূচী

নভেম্বর ৩০, ২০২০

সূত্র - ০৭

শ্রীনিবাসী - ৩৭৮.৫৪২২ A



০৫/১১/২০ '৩০
৭-১৪

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির এক সেমিনারে বক্তব্য দিচ্ছেন শাইখ সিরাজ

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে এগ্রো বিজনেস বিষয়ক সেমিনার

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি-বিজনেস ক্লাবের উদ্যোগে গত রোববার 'এগ্রো বিজনেস : চ্যালেঞ্জস অ্যান্ড অপর্চুনিটিস' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ইউনিভার্সিটির অডিটোরিয়ামে আয়োজিত এ সেমিনারে অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চ্যানেল আইয়ের পরিচালক শাইখ সিরাজ। তিনি তার বক্তব্যে এগ্রো বিজনেসের বিভিন্ন দিকে আলোকপাত করে ব্যাখ্যা করেন, কীভাবে এ শিল্প বাংলাদেশে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। এ দেশে এগ্রো বিজনেস বিকাশের ক্ষেত্রে আমলাতান্ত্রিক, পরিবেশগত, প্রযুক্তিগত, অর্থনৈতিক এবং অবকাঠামোগত অন্তরায় রয়েছে। তিনি দেখান কীভাবে বাংলাদেশে এগ্রো বিজনেসকে একটা সফল শিল্প হিসেবে প্রতিষ্ঠিত করা যায়, যা দেশের অর্থনৈতিক এবং সামাজিক কল্যাণ বয়ে আনবে। সেমিনারে বক্তব্য রাখেন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর মুহাম্মাদ শরীফ এবং ব্যবসায় প্রশাসন ও অর্থনীতির ডিন প্রফেসর ড. নজরুল ইসলাম। সংবাদ বিজ্ঞপ্তি।